‘আবার এলো যে সন্ধ্যা’ গানের পেছনের গল্প

written by Chandradip News24 | October 29, 2024

চন্দ্রদ্বীপ ডেস্ক:: সত্তরের দশকের জনপ্রিয় গান ‘আবার এলো যে সন্ধ্যা, শুধু দুজনায়’ আজও স্মরণীয়। প্রকৃতির নিয়মে যেমন সন্ধ্যা আসে, তেমনি গানটি এখনও শ্রোতাদের হৃদয়ে বিশেষ স্থান দখল করে আছে। প্রায় ৫০ বছর পার হয়ে গেলেও গানটি নতুন প্রজন্মের কাছেও জনপ্রিয়।

এই কালজয়ী গানের স্রষ্টা ছিলেন গীতিকার এস এম হেদায়েত এবং সুরকার লাকী আখন্দ। নওগাঁর জমিদার বাড়ি ভ্রমণকালে হেদায়েত লাকীকে গানের কয়েকটি লাইন শোনান, যা শুনে সুরের ভিত্তি তৈরি হয়। ঢাকায় ফিরে লাকী আখন্দ গানটির সুর ও সংগীত তৈরি করেন এবং তার ভাই হ্যাপী আখন্দ গানটি গেয়েছিলেন।

১৯৭৫ সালে বাংলাদেশ টেলিভিশনে প্রথমবার গানটি প্রচারিত হয়। পরে সৈয়দ সালাউদ্দিন জাকিরের চলচ্চিত্র ‘ঘুড্ডি’-তে এ গানটি ব্যবহার করা হয়, যেখানে সমুদ্রের পাড়ে রইসুল ইসলাম আসাদ ও সুবর্ণা মোস্তফার উপস্থিতিতে দৃশ্যায়নটি হয়ে ওঠে আরও মনোমুগ্ধকর। আজও এই গানটি বাংলা সঙ্গীতের অন্যতম শ্রেষ্ঠ গানগুলোর মধ্যে রয়েছে।